

হাঁটতেহাঁটতে

দু-হাতে নিজের গলা টিপে হেঁটে চলেছি  
ভিতরের সংলাপগুলো দলা পাকিয়ে অন্য ভাষায়-----  
চোখের সামনে ক্ষিদে ছুটছে, ধান্দা,  
ছুটছে গিরগিটি, চোরা অংক.....

কোমরবন্ধনীতে রাখা ছুরিটার ফলায় কান্নাজড়ানো  
আর জামার নীচে লুকিয়ে থাকা শক্তিহীন বীর্ষহীন  
কাপুষ দেহটার চারপাশে ধুতু ছেটানো অজস্র মুখ...

হাঁটতে হাঁটতে দেখি, ছুরিটা ত্রমশ ফণা বার করে  
খুঁজে চলেছে আমার চোখ মুখ কান গলা হৃদপিণ্ড..

স্বিজিৎরায়

